

### 3 (Sem-4/CBCS) BEN SE

2022

BENGALI

Paper : BEN-SE-4014

( প্রফ সংশোধন )

( Skill Enhancement Course )

Full Marks : 50

Time : 2 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) হাতে লেখা বা কম্পিউটারে টাইপ করা যেসব পাণ্ডুলিপি  
প্রেসে পাঠানো হয়, ছাপাখানার জগতে তার চলতি  
নাম কী?

(খ) গ্যালিতে অক্ষর সাজানোর কাজটা যিনি করেন তাকে কী  
বলে?

(গ) একটি প্রফের প্রতিটি পংক্তির প্রস্থকে কী বলে?

(ঘ) প্রফের মার্জিনে সংশোধনী নির্দেশিকা দেবার আগে বা  
পরে কোন্ চিহ্ন বসিয়ে দিতে হয়?

(ঙ) প্রফে কোনো একটি অক্ষর বা বাক্যাংশ জুড়তে হলে  
জায়গাটিকে চিহ্নিত করতে কোন্ চিহ্ন বসাতে হবে?

( 2 )

- (চ) মোটা হরফে (bold) কম্পোজ করার নির্দেশ দিতে নির্দিষ্ট অক্ষরের নিচে কোন্ চিহ্ন দিতে হবে ?
- (ছ) একটি উর্ধ্বকমা বসাতে হলে মার্জিনে কীভাবে সেটা দেখাতে হবে ?
- (জ) একটি অনুচ্ছেদের alignment পাতাটির মাঝখানে হবে, একথা বোঝাতে মার্জিনে নির্দেশিকা হিসাবে কোন্ চিহ্ন বসবে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) :

২×৩=৬

- (ক) সিসার অক্ষর ব্যবহার করে ম্যাটার তৈরি করা হতো এমন দুটি ছাপায়ন্ত্রের নাম লেখো। *photo type setting and type writer*
- (খ) হরফের মূল দুটি শ্রেণির নাম লেখো।
- (গ) প্রফ সংশোধনের দ্বিতীয় ও তৃতীয় স্তরে কী করা থাকেন? *compositor & galley*
- (ঘ) প্রফ সংশোধনের সময় প্রেসে পাণ্ডুলিপি পড়া ও সেটা শুনে সংশোধনের কাজটি কে কে করেন?
- (ঙ) বড়ো হাতের হরফ (capital letter) এবং ছোটো মাপের বড়ো হাতের হরফ (small letter) বোঝাতে প্রফের মার্জিনে কোন্ দুটি চিহ্ন বসাতে হয়? *CR*
- (চ) হরফের মাপের সঙ্গে ইউনিটের সম্পর্ক কোন্ শব্দ দিয়ে নির্দেশ করা হয়? হরফের আকার বোঝাতে কোন্ শব্দ ব্যবহৃত হয়?

22A/1233

(Continued)

( 3 )

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ২ = ১০$

- (ক) হরফের বৈচিত্র্য সম্পর্কে যা জানা লেখো।
- (খ) কম্পোজিটর এবং অপারেটরের মধ্যে মিল ও অমিল কী কী, লেখো।
- (গ) পাণ্ডুলিপি এবং প্রফে কী কী কারণে ত্রুটি দেখা দেয় তা বর্ণনা করো।
- (ঘ) Indian Standard Institute নির্ধারিত প্রফ সংশোধনের প্রকারভেদগুলোর পরিচয় দাও।
- (ঙ) পয়েন্ট, মেজার সম্বন্ধে যা জানা লেখো।
- (চ) টীকা লেখো :

হট কম্পোজিশন অথবা কোল্ড কম্পোজিশন

৪। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ৩ = ৩০$

- (ক) প্রফ কাকে বলে? প্রফ কত প্রকার ও কী কী? প্রত্যেক প্রকারের পরিচয় দাও।  $২+৩+৫=১০$
- (খ) গ্যালি কী? গ্যালি প্রফ কাকে বলে? গ্যালি প্রফ কীভাবে তৈরি হতো, লেখো।  $২+৩+৫=১০$
- (গ) প্রফ সংশোধনের স্তরগুলো উল্লেখ করে যে কোনো দুটি স্তরের কার্যপ্রণালীর বিষয়ে আলোচনা করো।
- (ঘ) প্রফ সংশোধনের অন্তর্ভুক্ত ত্রুটিগুলোকে কয়টি বিভাগে বিন্যস্ত করা যায়? যে কোনো দুটি বিভাগের সংশোধনযোগ্য ত্রুটির প্রকার সম্বন্ধে আলোচনা করো।  $৪+৬=১০$

22A/1233

(Turn Over)

- (ঙ) সংশোধনী নির্দেশিকা কাকে বলে? নূনতম আটটি উদাহরণ দিয়ে একটি প্রফের মার্জিনে সংশোধনী চিহ্নগুলো কীভাবে দেওয়া হয়, দেখাও।  $২+৮=১০$
- (চ) ফাঁক (spacing) সম্পর্কিত সংশোধনী নির্দেশনা কোনগুলো তা উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।
- (ছ) নিম্নলিখিত মূল পাণ্ডুলিপি অবলম্বনে অসংশোধিত প্রফটির ত্রুটিপূর্ণ অংশগুলো উপযুক্ত নির্দেশিকা চিহ্নসহ উল্লেখ করো :

মূল পাণ্ডুলিপি :

এখনো তো বড়ো হইনি আমি,  
ছোটো আছি ছেলেমানুষ বলে।  
দাদার চেয়ে অনেক মস্ত হব  
বড়ো হয়ে বাবার মতো হলে।  
দাদা তখন পড়তে যদি না চায়,  
পাখির ছানা পোষে কেবল খাঁচায়,  
তখন তারে এমনি বকে দেব!  
বলব, 'তুমি চুপটি করে পড়ো।'

অসংশোধিত প্রফ :

এখনোতো বড়ো হইনি আমি  
ছোটো আছি ছেলেমানুষ বলে।  
দাদার চেয়ে অনেক মস্ত হব  
বড়ো হয়ে বাবার মতো হয়ে।  
পাখির ছানা পো যে কেবল খাঁচাই,  
তখন তারে এমনি বকে দেবো!  
বলব, তুমি চুপটি করে পড়ো।'

[অসংশোধিত প্রফটি হুবহু খাতায় লিখে ত্রুটির স্থানগুলো নির্দেশ করো ও মার্জিনে উপযুক্ত সংশোধনী চিহ্ন দাও]

- (জ) নিম্নলিখিত মূল পাণ্ডুলিপি অবলম্বনে অসংশোধিত প্রফের ত্রুটিপূর্ণ অংশগুলো উপযুক্ত নির্দেশিকা চিহ্নসহ উল্লেখ করো :

মূল পাণ্ডুলিপি :

প্রায় পঁচিশ বৎসর আগে রাজশাহী জেলার পাহাড়পুর গ্রামে এক বিরাট ধ্বংসস্তূপ উন্মোচন করিয়া একটি বিপুলকায় মন্দিরের ধ্বংসাবশেষ আবিষ্কৃত হইয়াছে। চারিদিকে কক্ষসারি লইয়া সুবিস্তৃত বিহারের ধ্বংসাবশেষ, তাহারই সম্মুখে বিস্তৃত প্রাঙ্গণের কেন্দ্রস্থলে মন্দিরের ধ্বংসাবশেষ।

অসংশোধিত প্রফ :

প্রায় পঁচিশ বৎসর আগে রাজ শাহী জেলার পাহাড়পুর গ্রামে কএ বিরাট ধ্বংসস্তূপ উন্মোচন করিয়া একটি বিপুলকায় মন্দিরে ধ্বংসাবশেষ আবিষ্কৃত হইয়াছে। চারিদিকে কক্ষকক্ষসারি লইয়া সুবিস্তৃত বিহারের ধ্বংসাবশেষ তাহারই সম্মুখে প্রাঙ্গণের কেন্দ্রস্থলে মন্দিরের ধ্বংসাবশেষ।

[অসংশোধিত প্রফটি হুবহু খাতায় লিখে ত্রুটির স্থানগুলো নির্দেশ করো ও মার্জিনে উপযুক্ত সংশোধনী চিহ্ন দাও]

\*\*\*